



বাংলাদেশ ও বিশ্বপরিচয় ৬ষ্ঠ অধ্যায় সৃজনশীল প্রশ্ন

সৃজনশীল প্রশ্ন ১ : রেশমা ‘ক’ রাষ্ট্রের নাগরিক। নির্বাচনে তার স্বামী তাকে অযোগ্য ও দুর্নীতিবাজ প্রার্থীকে ভোট প্রদানে চাপ দেয়। কিন্তু সে সৎ ও যোগ্য প্রার্থীকে ভোট দেয়। এতে রেশমা স্বামী কর্তৃক নির্যাতিত হয়। ন্যায়বিচার পাওয়ার জন্য রেশমা আইনের দ্বারস্থ হয়।

ক. নাগরিক শব্দের ইংরেজি প্রতিশব্দ কী?

খ. তথ্য অধিকার আইনে তথ্য বলতে কী বোঝায়?

গ. “উদ্দীপকে উল্লিখিত রেশমা একজন সুনাগরিকের দায়িত্ব পালন করেছে”- পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর।

ঘ. সুশাসন প্রতিষ্ঠায় রেশমার সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর।

সৃজনশীল প্রশ্ন ২ : বর্তমানে মগবাজারে ফ্লাইওভারের কাজ চলছে। বিস্তৃত এলাকা জুড়ে কাজ চলায় ঐ এলাকার জনগণের যাতায়াতের ক্ষেত্রে বেশ অসুবিধা হচ্ছে। হঠাৎ একদিন যাত্রীবাহী একটি বাস ফ্লাইওভারের জন্য খোড়া গর্তে পড়ে যায় এবং তিনজন যাত্রী বেশ আহত হয়। এতে সাধারণ জনতা বিক্ষুব্ধ হয়ে ভাংচুর শুরু করে। পুলিশ-ব্র্যাব এসে অনেক চেষ্টার পর পরিস্থিতি নিয়ন্ত্রণে নিয়ে আসে।

ক. রাষ্ট্র গঠনের মুখ্য উপাদান কোনটি?

খ. সার্বভৌমত্ব বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে উল্লিখিত ফ্লাইওভারটি নির্মাণ রাষ্ট্রের কোন ধরনের কাজ? ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকের বিক্ষুব্ধ জনতাকে নিয়ন্ত্রণ করা রাষ্ট্রের অন্যতম দায়িত্ব”- উক্তিটি রাষ্ট্রের কোন ধরনের কাজের অন্তর্ভুক্ত? বিশ্লেষণ কর।

সৃজনশীল প্রশ্ন ৩ : বাবুলের স্কুলে যাওয়ার পথে খালের উপর পুরাতন সাঁকোটি হঠাৎ একদিন ভেঙে যায়। বর্তমান সরকার সেখানে সংযোগ রাস্তাসহ একটি পাকা সেতু নির্মাণ করেছে। বাবুল ও তার বন্ধুরা এখন ভালোভাবে স্কুলে যেতে পেরে খুব খুশি।

ক. এরিস্টটল প্রদত্ত নাগরিকের সংজ্ঞাটি লিখ।

খ. সার্বভৌমত্ব বলতে কী বোঝায়?

গ. উদ্দীপকে সরকারের কোন কাজের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর।

ঘ. এ ধরনের কাজ ছাড়া সরকারকে আর কী ধরনের কাজ করতে হয়? বিশ্লেষণ কর।

বাংলাদেশ ও বিশ্বপরিচয় ৭ম অধ্যায় সৃজনশীল প্রশ্ন

সৃজনশীল প্রশ্ন ১ : রফিক সাহেব ১৩ সদস্যবিশিষ্ট একটি স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নির্বাচিত চেয়ারম্যান। তিনি তার সদস্যদের সাথে আলোচনা ও মতামত নিয়ে বিভিন্ন জনকল্যাণমূলক ও সেবামূলক করেন। এলাকার কৃষি, গ্রামীণ শিল্পের বিকাশ, কর্মসংস্থান সৃষ্টিসহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব তিনি নিষ্ঠার সাথে পালন করে থাকেন।

ক. বাংলাদেশের আইনসভার নাম কী?

খ. জেলা পরিষদের গঠন বর্ণনা কর।

গ. রফিক সাহেব যে স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চেয়ারম্যান উক্ত প্রতিষ্ঠানের ভূমিকা ব্যাখ্যা কর।

ঘ. ‘জনশৃঙ্খলা রক্ষা করা রফিক সাহেবের প্রতিষ্ঠানের একটি অন্যতম কাজ’— তুমি কি এ বক্তব্যের সাথে একমত? বিশ্লেষণ কর।

সৃজনশীল প্রশ্ন ২ : সজীবের জীবনের সবচেয়ে স্মরণীয় দিন হলো যেদিন সে তার দেশের সরকার প্রধানের সাথে সাক্ষাৎলাভ করেছিল। তার দেশটি গণতান্ত্রিক এবং এই সরকারপ্রধানই প্রধান নির্বাহী কর্মকর্তা। তাঁকে কেন্দ্র করেই শাসন ক্ষমতা পরিচালিত হয়।

ক. কোন সরকার ব্যবস্থায় রাষ্ট্রপতি দেশের নিয়মতান্ত্রিক প্রধান?

খ. রাষ্ট্রপতির জরুরি ক্ষমতা বলতে কী বোঝায়?

গ. রানার সাথে যার সাক্ষাৎ ঘটেছিল তার ক্ষমতা ও কার্যাবলি বিশ্লেষণ কর।

খ. “সজীবের কাঙ্ক্ষিত ব্যক্তি প্রধান নির্বাহী কর্মকর্তা হলেও নির্দিষ্ট সংস্থার আস্থা হারালে তাঁকেও পদত্যাগ করতে হয়”—বিশ্লেষণ কর।

সৃজনশীল প্রশ্ন ৩ : আবীরদের গ্রামের পাশ দিয়ে কপোতাক্ষ নদ প্রবাহিত। সে টিভিতে দেখতে পেল যশোরের মাননীয় জেলা প্রশাসক নদীর তীরবর্তী বন্যা দুর্গত লোকদের মধ্যে অর্থ, কাপড় ও ঔষধ বিতরণ করছেন।

ক. বাংলাদেশের বিচার বিভাগের স্বাধীনতা রক্ষার প্রথম পদক্ষেপ কোনটি?

খ. নাগরিকত্ব বলতে কী বোঝায়?

গ. উদ্দীপকে বর্ণিত ব্যবস্থা গ্রহণ জেলা প্রশাসকের কোন ধরনের কার্যাবলির অন্তর্গত?

ঘ. ‘জেলা প্রশাসক জেলার মধ্যমণি’—মূল্যায়ন কর।

অধ্যায়: ১৩(অর্থ ও ব্যাংক ব্যবস্থা)

১. ‘ক’ ও ‘খ’ উভয় ব্যাংকই বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে। তবে ‘খ’ ব্যাংক যে মাধ্যম সৃষ্টি করে তা জনগণ গ্রহণ করতে বাধ্য নয়। আবার উভয়েই ঋণ বিতরণ করে। তবে ‘ক’ ব্যাংক সরাসরি জনগণের মধ্যে ঋণ বিতরণ করে না। ঋণ প্রদান করে মূলত ‘খ’ এর মতো ব্যাংকগুলোকে।

ক. রেজিস্ট্রেশন ফি সরকারের কোন ধরনের রাজস্বের অন্তর্ভুক্ত?

খ. সরকার ব্যয় করে কেন? বুঝিয়ে লিখ।

গ. উদ্দীপকে ‘খ’ ব্যাংকের কার্যাবলির বর্ণনা দাও।

ঘ. বাংলাদেশের প্রেক্ষিতে অর্থনৈতিক অগ্রগতিতে ‘ক’ ব্যাংকের ভূমিকা মূল্যায়ন কর।

২. ‘ঢ’ ও ‘ণ’ বাংলাদেশের দুটি গুরুত্বপূর্ণ আর্থিক প্রতিষ্ঠান। ‘ঢ’ প্রতিষ্ঠানটি আর্থিক সংকটে পড়লে অন্যান্য উৎস থেকে ঋণ নেয়ার চেষ্টা করে, তবে ব্যর্থ হলে ‘ণ’ প্রতিষ্ঠানের শরণাপন্ন হয়। ‘ণ’ প্রতিষ্ঠানটি ঋণ প্রদানের মাধ্যমে ‘ঢ’ প্রতিষ্ঠানটিকে নিয়ন্ত্রণ করে থাকে।

ক. মূল্য সংযোজন কর কী?

খ. সরকারি অর্থব্যবস্থা বলতে কী বোঝায়?

গ. উদ্দীপকের ‘ঢ’ কোন ধরনের আর্থিক প্রতিষ্ঠান? ব্যাখ্যা কর।

ঘ. ঋণ প্রদান করাই কি ‘ণ’ প্রতিষ্ঠানের একমাত্র কাজ? মতামত দাও।

৩. আরমান গ্রামের শিক্ষিত বেকার যুবক। চাকরি না পেয়ে আত্মকর্মসংস্থানমূলক কিছু করার পরিকল্পনা থেকেই শেষ সম্বল পৈত্রিক জমিটি স্থানীয় একটি বিশেষ আর্থিক প্রতিষ্ঠানে বন্ধক দিয়ে দীর্ঘমেয়াদি ঋণ নেয়। বাড়ির পাশের মজা পুকুরটি পরিষ্কার করে সেখানে ঋণের টাকা দিয়ে মৎস্য চাষ শুরু করে অল্প সময়েই আর্থিকভাবে সে বেশ সচ্ছল হয়ে ওঠে।

ক. বাংলাদেশ সরকারের আয়ের গুরুত্বপূর্ণ উৎস কোনটি?

খ. নিকাশ ঘর কী? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের আরমান কোন আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেয়? ব্যাখ্যা কর।

ঘ. আরমানের মতো বেকার যুবকদের জনসম্পদে পরিণত করার ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের অবদান বিশ্লেষণ কর।